# বাংলাদেশ কৃষি ব্যাংক


আঞ্চলিক কার্যালয়, পটিয়া।
ফোনঃ ০৩০৩৫-৫৬৫২৭ (অফিস)।
ফোনঃ ০৩০৩৫-৫৬৬১৮ (অফিস)।
www.krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি
email:rmpatia@krishibank.org.bd


## সভা নং- ০১ (এক)
## (সভার কার্যবিবরণী)

অদ্য ২৯/০৯/২০২০ ইং রোজ মঙ্গলবার বিকাল ৪.০০ ঘটিকার সময় বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, পটিয়া প্রাঙ্গনে মাঠপর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্টার জন্য গঠিত নৈতিকতা কমিটির ১ম কমিটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি, আঞ্চলিক ব্যবস্থাপক জনাব লকিত উল্লাহ।

**সভায় সভ্যগণের উপস্থিতির স্বাক্ষর ও তারিখঃ-**

| ক্রম | সদস্যের নাম | কমিটিতে পদবী | মূল পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | জনাব লকিত উল্লাহ | সভাপতি | আঞ্চলিক ব্যবস্থাপক | 29/9/20 |
| ২ | জনাব কামরুল হাসান | সদস্য - ১ | উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা | 29/9/20 |
| ৩ | জনাব মোহাম্মদ নূরুল ইসলাম মঞ্জুর | সদস্য - ২ | মুখ্য কর্মকর্তা | |
| ৪ | জনাব নিউটন আচার্য | ফোকাল পয়েন্ট অফিসার | কর্মকর্তা | 29/9/20 |

**সভার আলোচ্য বিষয়ঃ**

০১। জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয়ে নৈতিকতা চর্চার গুরুত্ব প্রসংগে উদ্বোধনী স্বাগত বক্তব্য।
০২। অধীনস্থ শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগনের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ ও করনীয় সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ।
০৩। কভিড-১৯ এর কারনে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয় থেকে উত্তরণের জন্য সরকার ঘোষিত প্রণোদনা যথাযথ খাতে ব্যবহার সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ।
০৪। কম্পিউটারইজেশনের অগ্রগতি পর্যালোচনা এবং সরকারের ধ২র পোগ্রামের আওতায় উদ্ভাবনী বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারী কে উৎসাহ প্রদান।
০৫। অধীনস্থ শাখাসমূহে নৈতিকতা চর্চার উদ্দেশ্যে করনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ।
০৬। অধীনস্থ শাখাসমূহে রুটিন মাফিক এবং আকস্মিক পরিদর্শন সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ।
০৭। সকলের দৃশ্যমান হবার উদ্দেশ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে কমিটির কার্যক্রম আপলোডকরণ।
০৮। বিবিধ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পবিত্র কোরাণ তেলোয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয় এবং আলোচ্য বিয়য়াবলী নিয়ে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহিত হয়।

**আলোচনা ও সিদ্ধান্তবলীঃ**

| সূচী | বিষয়বস্তু | আলোচনার বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয়ে নৈতিকতা চর্চার গুরুত্ব প্রসংগে উদ্বোধনী স্বাগত বক্তব্য। | সভার শুরুতে সভাপতি মেহোদয় বর্তমানে স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতিক, অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত নৈতিক অবক্ষয়ের চিত্র সকলের সামনে তুলে ধরেন। পাশাপশি সামাজিক অবস্থার উন্নয়নের জন্য নৈতিকতা চর্চার মাধ্যমে আধুনিক ও উন্নতমানের প্রযুক্তি নির্ভর ব্যাংকিং ব্যবস্থা চালু করার মাধ্যমে এলাকার গরীব দুঃখী মানুষের কল্যাণ ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয় ব্যক্ত করেন। এরপর কমিটির ১ নং সদস্য জনাব কামরুল হাসান পরিকল্পিত কর্ম-কৌশলের মাধ্যমে কর্মসূচী বাস্তবায়নের জন্য সদস্যদের আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য প্রস্তাব করেন। | | |

চলমান- পাতা-২

Scanned with CamScanner

| সূচী | বিষয়বস্তু | আলোচনার বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০২ | অধীনস্থ শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগনের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ ও করনীয় সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ। | কমিটির ২ নং সদস্য জনাব মোহাম্মদ নূরুল ইসলাম মজুর জানান অধীনস্থ শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগনের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া যায়নি। এছাড়াও পূর্বের কোন অভিযোগ অনিষ্পন্ন নাই। করনীয় সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ। | কমিটির সভ্যগনের আলোচনা শেষে অধীনস্থ শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগনের বিরুদ্ধে কোন অভিযোগ না থাকায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং এধারা যেন ভবিষ্যতেও অক্ষুন্ন থাকে সে ব্যাপারে সকল কর্মকর্তা / কর্মচারীকে সতর্ক থাকার জন্য নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২ নং সদস্য, মূখ্য কর্মকর্তা জনাব মোহাম্মদ নূরুল ইসলাম মজুর। |
| ০৩ | কভিড-১৯ এর কারনে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয় থেকে উত্তরণের জন্য সরকার ঘোষিত প্রণোদনা যথাযথ খাতে ব্যবহার সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ। | ফোকাল পয়েন্ট অফিসার জনাব নিউটন আচার্য জানান, বিশ্বব্যাপী মাহামারী কভিড-১৯ এর কারনে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয়ের কারনে দেশে বেকারত্ব মারাত্মকভাবে বেড়ে যাওয়ায় হানাহানিসহ নৈতিক অবক্ষয় সৃষ্টি হয়েছে। এ থেকে উত্তরণের জন্য সরকার ঘোষিত আর্থিক প্রণোদনা যথাযথ খাতে ব্যবহার হলে দেশের সাধারন জনগনের উপকার হবে তথা দেশের অর্থনৈতিক অগ্রগতি হবে ফলে নৈতিক অবক্ষয় কমে আসবে- মর্মে বিশদ আলোচনা করেন এবং সিদ্ধান্ত গ্রহনের জন্য কিছু দিক- নির্দেশনা উপস্থাপন করেন। | কমিটির সভ্যগনের আলোচনা শেষে অধীনস্থ শাখাসমূহে অঙ্গউ-১ [ACD-1], ঈগঋগউ [CMSME] ঋন, মুজিব বর্ষ এবং অন্যান্য ঋন বিতরন ১০০% অর্জনে সভাপতি মহোদয় সকল কর্মকর্তা / কর্মচারীকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান এবং শাখাসমূহে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১ নং সদস্য, উর্ধ্বতন মূখ্য কর্মকর্তা জনাব কামরুল হাসান। |
| ০৪ | শাখা কম্পিউটারাইজেশনের অগ্রগতি পর্যালোচনা এবং সরকারের ধ২র পোগ্রামের আওতায় উদ্ভাবনী বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারী কে উৎসাহ প্রদান। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নিউটন আচার্য সভায় জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ দ্রুত এগিয়ে চলছে। বাংলাদেশ এখন প্রযুক্তি নির্ভর "ডিজিটাল বাংলাদেশ"।দেশের সাথে তাল মিলিয়ে অত্র ব্যাংকের শাখাসমূহ কম্পিউটারাইজেশনের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। তবে এ কাজে পূর্ন তদারকির প্রয়োজন। পাশাপাশি সকল কর্মকর্তা / কর্মচারীর উদ্ভাবনী সংস্কৃতি সৃষ্টি করার জন্য সরকারের একসেস টু ইনফরমেশন (a2i) পোগ্রামে সক্রিয় হবার এবং কর্মকর্তা/ কর্মচারীদের পারস্পরিক প্রযুক্তিগত সহযোগিতা (Employee to Employee Co-operation) আহ্বান জানান। | বিষদ আলোচনা পর শাখাসমূহের কম্পিউটারাইজেশনের অগ্রগতি পর্যালোচনা এবং সরকারের a2i পোগ্রামের আওতায় উদ্ভাবনী বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারী কে উৎসাহ প্রদান। এবং পারস্পরিক প্রযুক্তিগত সহযোগিতা (Employee to Employee Co-operation) সহযোগিতা করার বিষযে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নিউটন আচার্য। |
| ০৫ | অধীনস্থ শাখাসমূহে নৈতিকতা চর্চার উদ্দেশ্যে করনীয় নির্দেশনা সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ। | অর্থনৈতিক কর্মকান্ডের সহিত নৈতিকতা চর্চার গুরুত্ব অপিরিসীম উল্লেখপূর্বক অধীনস্থ শাখাসমূহের করণীয় বিষয়ে আলোচনাপূর্বক সব সভ্য একমত পোষন করে সিদ্ধান্ত গ্রহনের আহ্বান জানান। | অধীনস্থ শাখাসমূহে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে প্রকাশ্যে ঋন প্রদান, অভিযোগ বাক্স স্থাপন, সেবাগ্রহীতাগনের সেবার লিখিত মতামত গ্রহণ ইত্যাদির ব্যাপারে সভায় ঐকমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১ নং সদস্য, উর্ধ্বতন মূখ্য কর্মকর্তা জনাব কামরুল হাসান। |
| ০৬ | অধীনস্থ শাখাসমূহে রুটিন মাফিক এবং আকস্মিক পরিদর্শন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ। | অধীনস্থ ১৯ টি শাখায় রুটিন মাফিক এবং আকস্মিক পরিদর্শন সংক্রান্ত- আলোচনা শেষে দেখা যায় বিগত ৩ মাসে ১২ টি শাখার রুটিন পরিদর্শন এবং সব শাখায় আকস্মিক পরিদর্শন ইতিমধ্যে শেষ হয়েছে। | বাকী ৭ টি শাখায় রুটিন মাফিক পরিদর্শন সম্পন্ন করার এবং সব শাখায় আকস্মিক পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি জনাব লকিত উল্লাহ, আঞ্চলিক ব্যবস্থাপক। |

চলমান- পাতা- ৩

Scanned with CamScanner

| সূচী | বিষয়বস্তু | আলোচনার বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৭ | সকলের দৃশ্যমান হবার উদ্দেশ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে কমিটির কার্যক্রম আপলোডকরণ | প্রধান কার্যালয়ের নির্দেশনা এবং অধীনস্থ শাখাসমূহের নৈতিকতার চর্চার উদ্বুদ্ধকরণের জন্য গঠিত কমিটি ইতিমধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে আপলোড হয়েছে মর্মে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নিউটন আচার্য সভায় জানান। | বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে যথাসময়ে নৈতিকতা কমিটির সকল কর্মকান্ড আপলোড করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নিউটন আচার্য। |
| ০৮ | বিবিধ। | পরবর্তী সভা যথাসময়ে আয়োজন এবং নৈতিকতার স্খলন হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন, উত্তম নৈতিকরা জন্য পুরুস্কার প্রদান এবং গৃহীত সিদ্ধান্তসমূহ যথাময়ে বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় গুরুত্ব আরোপ করে আলোচনা করেন। | যথাসময়ে সভা আয়োজন, উত্তম নৈতিকতার জন্য পুরুষ্কার প্রদান এবং নৈতিকতার স্খলন হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন বিষয়ক গৃহীত সিদ্ধান্তসমূহ সকল শাখাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১ নং সদস্য, উর্ধ্বতন মূখ্য কর্মকর্তা জনাব কামরুল হাসান। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

27/09/20

(নিউটন আচার্য)
কর্মকর্তা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

২৭/০৯/২০২০

(মোহাম্মদ নূরুল ইসলাম মঞ্জুর)
মুখ্য কর্মকর্তা
ও
২ নং সদস্য

(মোঃ কামরুল হাসান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ও
১ নং সদস্য

২৭/০৯/২০২০

(লকিত উল্লাহ)
আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভাপতি

Scanned with CamScanner